



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর  
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা  
[www.dncrp.gov.bd](http://www.dncrp.gov.bd)

প্রেস বিজ্ঞপ্তি  
০৬ ফেব্রুয়ারি ২০২৫

বিষয়ঃ আসন্ন পরিত্র রমজান উপলক্ষ্যে নিত্যপ্রয়োজনীয় পণ্যের (চাল, পেঁয়াজ, আদা, রসুন, মসলা, তেল, ছোলা, ডাল ও খেজুরসহ ইত্যাদি) মূল্য স্থিতিশীল ও সরবরাহ স্বাভাবিক রাখার লক্ষ্যে ঢাকা মহানগরের বিভিন্ন বাজার ব্যবসায়ী সমিতির নেতৃত্বন্দি, পাইকারী ও খুচরা ব্যবসায়ী, সুপারশপসহ সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তর সংস্থার প্রতিনিধিদের অংশগ্রহণে মতবিনিময় সভার প্রেস রিফিঃ ।

আজ ০৬ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ দুপুর ২ টায় অধিদপ্তরের প্রধান কার্যালয়ের সভাকক্ষে (টিসিবি ভবন-৮ম তলা, ১ কারওয়ান বাজার, ঢাকা) আসন্ন পরিত্র রমজান উপলক্ষ্যে নিত্যপ্রয়োজনীয় পণ্যের (চাল, পেঁয়াজ, আদা, রসুন, মসলা, তেল, ছোলা, ডাল ও খেজুরসহ ইত্যাদি) মূল্য স্থিতিশীল ও সরবরাহ স্বাভাবিক রাখার লক্ষ্যে ঢাকা মহানগরের বিভিন্ন বাজার ব্যবসায়ী সমিতির নেতৃত্বন্দি, পাইকারী ও খুচরা ব্যবসায়ী, সুপারশপসহ সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তর সংস্থার প্রতিনিধিদের অংশগ্রহণে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত অনুষ্ঠিত হয়।

বর্ণিত সভায় সভাপতিত করেন জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) জনাব মোহাম্মদ আলীম আখতার খান।

সভায় আরও উপস্থিত ছিলেন অধিদপ্তরের পরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব আব্দুল জলিল, পরিচালক(অভিযোগ ও তদন্ত) জনাব মোহাম্মদ আজিজুল ইসলাম, পরিচালক (কার্যক্রম ও গবেষণাগার) জনাব ফরিদ মুহাম্মদ মুনাওয়ার হোসেনসহ অধিদপ্তরের কর্মকর্তাৰ্বন্দ, প্রাণিসম্পদ অধিদপ্তরের উপপরিচালক জনাব মোঃ শরিফুল হক, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের উপপরিচালক (সিনিয়র সহকারী সচিব) জনাব দীনেশ সরকার, কৃষি বিপন্ন অধিদপ্তরের সহকারী পরিচালক জনাব ইশরাত জাহান, এফবিসিসিআইয়ের যুগ্ম মহাসচিব জনাব মোঃ সাখাওয়াত হোসেন খান, কনজুমার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) এর প্রতিনিধি, মীনা বাজারের প্রতিনিধি, ডেইলি শপিং এর প্রতিনিধি, বসুন্ধরা গুপ্তের প্রতিনিধি, ইউনিমার্ট লিমিটেড এর প্রতিনিধি, প্রিন্স বাজার লিমিটেড এর প্রতিনিধি, আগোরা লিমিটেড এর প্রতিনিধি, বাংলাদেশ এডিবল অয়েল লিমিটেড এর প্রতিনিধি, এসিআই লজিস্টিকসের প্রতিনিধি, কারওয়ান বাজার ইসলামিয়া সমিতির প্রতিনিধিসহ ঢাকা মহানগরের বিভিন্ন বাজার ব্যবসায়ী সমিতির নেতৃত্বন্দি, পাইকারী ও খুচরা ব্যবসায়ী, সুপারশপসহ সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তর সংস্থার প্রতিনিধি।

সভার শেষে অধিদপ্তরের মহাপরিচালক প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিক বৃন্দকে সভায় গৃহীত সিদ্ধান্তসহ সার্বিক বিষয়ে প্রেস রিফ করেন।

মহাপরিচালক বলেন, আসন্ন রমজান উপলক্ষ্যে খেজুর, মশলা ও ভোজ্যতেল ছাড়া অন্যান্য পণ্যসমূহ নিয়ে তেমন কোনো উদ্বেগের কারণ নেই বলে সভার আলোচনায় সকলে একমত পোষণ করেন। এছাড়াও উল্লিখিত ০৩ (তিনি) টি পণ্যের মূল্য স্থিতিশীল ও সরবরাহ স্বাভাবিক রাখার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে নিয়ে আলাদাভাবে সভার আয়োজন করা হবে। ভোজ্য তেল ব্যবসায়ী সমিতির সাথে আগামী বুধবার সভা আয়োজন করা হবে বলে তিনি জানান। সভায় অধিদপ্তর কর্তৃক পরিচালিত মনিটরিং কার্যক্রম আসন্ন রমজান মাসে দ্বিগুণ করার কথা বলা হয়। সে প্রেক্ষিতে মহাপরিচালক জানান, বর্তমানে সারাদেশে প্রতিদিন অধিদপ্তরের প্রায় ৩০ টি টিম বাজার তদারকি কার্যক্রম পরিচালনা করে। আসন্ন রমজানে তদারকি টিমের সংখ্যা দ্বিগুণ করে প্রতিদিন প্রায় ৬০ টি টিম কর্তৃক বাজার তদারকি কার্যক্রম পরিচালনা করা হবে। তিনি জানান, সরকার নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য স্থিতিশীল রাখতে শুল্ক হাস, এলসি খুলতে সহযোগিতা করা, ব্যাংকিং সাপোর্ট প্রদানসহ অন্যান্য

সহযোগিতা অব্যাহত রেখেছে। পণ্যের যৌক্তিক মূল্য নির্ধারণ করার পাশাপাশি চাহিদা এবং যোগানের মধ্যে সমন্বয় রাখতে সভায় উপস্থিত ব্যবসায়ীসহ সকলে একমত পোষণ করেন। এক্ষেত্রে তিনি ব্যবসায়ীর পাশাপাশি ভোক্তা-সাধারণ এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

পরিশেষে তিনি সকলের সহযোগিতায় বাজারে সহনীয়, স্বস্তিকর ও উৎসবমুখর পরিবেশ বজায় থাকবে বলে আশাবাদ ব্যক্ত করেন এবং সকলকে ধন্যবাদ জানিয়ে প্রেস ব্রিফিং শেষ করেন।

ধন্যবাদান্তে

আফরোজা রহমান

উপপরিচালক (প্রশিক্ষণ ও প্রচার)

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর